১৩৫

দৈনিক সংবাদ

তারিখ 0 6 MAY 1998
পৃঃ ৭ কলাম ২

## ঢাকা বিশ্ববিদ্যালয়

# বিতাড়িতদের হলে উঠানো হবে কাল ◻ বঙ্গবন্ধু হলে প্রভোস্টের পদত্যাগ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪টি হল থেকে বিতাড়িত ও বাইরে থাকা ছাত্রদল নেতাকর্মীদের আগামীকাল বৃহস্পতিবার হলে উঠানো হবে। বঙ্গবন্ধু হলের প্রভোস্ট গতকাল পদত্যাগ করেছেন। এর আগে হলের ছাত্ররা দুর্নীতির অভিযোগে প্রভোস্ট অধ্যাপক আবুল কালাম মঞ্জুর মোর্শেদের বিরুদ্ধে মিছিল ও উপাচার্যের কার্যালয় ঘেরাও করে।

গতকাল মঙ্গলবার সকাল ১০টায় অনুষ্ঠিত প্রভোস্ট স্টান্ডিং কমিটির সভায় সিদ্ধান্ত হয়েছে বৃহস্পতিবার সকাল ৯টা থেকে দুপুর ১২টার মধ্যে বঙ্গবন্ধু হল, জসীম উদ্‌দীন হল, সূর্যসেন হল ও জিয়া হল খালি করে বৈধ ছাত্রদের পরিচয়পত্র দেখে তাদের হলে উঠানো হবে। এসব হলে ছাত্রদল তাদের ৩৩২ জন নেতা-কর্মীর নামের তালিকা দিয়েছে।

বঙ্গবন্ধু হলের প্রভোস্ট অধ্যাপক আবুল কালাম মঞ্জুর মোর্শেদ গতকাল পৌনে ১২টায় পদত্যাগ করেছেন। উপাচার্যের কাছে দেয়া পদত্যাগ পত্রে তিনি হলের 'পরিবেশগত সমস্যার' কথা উল্লেখ করেছেন বলে জানা গেছে। এ ব্যাপারে তার বাসায় যোগাযোগ করা হলে জানানো হয় যে, ''তিনি অসুস্থ, কথা বলতে পারবেন না''।

অধ্যাপক আবুল কালাম মঞ্জুর মোর্শেদ সাবেক উপাচার্য অধ্যাপক এমাজ উদ্দিন আহমেদের সময় প্রভোস্ট নিয়োগ পান। তিনি বিশ্ববিদ্যালয় শিক্ষক রাজনীতিতে সাদা দলের জামাত সমর্থিত গ্রুপের বলে

কাল ঃ পৃঃ ১২ কঃ ১

# বুয়েটের ঘটনায় খালেদা জিয়ার উদ্বেগ

জাতীয় সংসদে বিরোধীদলীয় নেত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ভিসির পদত্যাগ ও আরো ৭০ জন শিক্ষকের প্রশাসনিক দায়িত্ব থেকে পদত্যাগের ঘটনায় ক্ষোভ ও উদ্বেগ প্রকাশ করেছেন। গতকাল মঙ্গলবার দেয়া এক বিবৃতিতে অবিলম্বে উদ্ভূত সমস্যার সমাধান দাবি করে তিনি বুয়েটের প্রশাসনিক কাজে সরকারের উচ্চ মহলের বেআইনি হস্তক্ষেপের নিন্দা ও প্রতিবাদও জানান।

বেগম জিয়া বিবৃতিতে অভিযোগ করেন যে, বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ও ঐতিহ্য ভঙ্গ করে বুয়েটের কাজকর্মে সরকারের উচ্চ পর্যায়ের নগ্ন হস্তক্ষেপই ভিসিসহ শিক্ষকদের পদত্যাগের কারণ।

## কাল ঃ হলে উঠানো হবে

( ১ম পৃষ্ঠার পর )

জানা গেছে।

প্রভোস্টের পদত্যাগের ব্যাপারে উপাচার্য অধ্যাপক ডঃ এ কে আজাদ চৌধুরীর সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, তিনি দু'লাইনের একটি পদত্যাগপত্র পেয়েছেন। পদত্যাগপত্র গৃহীত হয়েছে কি না এ ব্যাপারে উপাচার্য জানান আমি তাকে (প্রভোস্ট) পদত্যাগপত্র প্রত্যাহার করার জন্য অনুরোধ করেছি। তিনি বলেছেন, ''ঠিকআছে''।

উল্লেখ্য, অধ্যাপক আবুল কালাম মঞ্জুর মোর্শেদের মেয়াদ শেষ হয়ে যায় গত বছর জুলাই মাসে। এ সময় অধ্যাপক রাজীব হুমায়ুনকে নতুন প্রভোস্ট হিসেবে নিয়োগ দেয়া হয়।